

ভিডিও

ছবি

ভিডিও

## ভর্তি

**বুয়েটে মাস্টার্স, এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি, আবেদন ফি ৫০৫ টাকা**

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিভিন্ন ইনসিটিউট ও বিভাগের অধীন বিভিন্ন বিষয়ে পোষ্টগ্র্যাজুয়েট (মাস্টার ডিগ্রি, এমফিল ও পিএইচডি) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য **বিজ্ঞপ্তি** প্রকাশ করা হয়েছে। এপ্রিল ২০২৪ সেমিস্টারের জন্য সংশ্লিষ্ট বিষয়ের পোষ্টগ্র্যাজুয়েট (মাস্টার ডিগ্রি, এমফিল ও পিএইচডি) প্রোগ্রামে ভর্তির যোগ্যতা, আবেদনের বিস্তারিত জানা যাবে প্রকাশিত বিজ্ঞপ্তি, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট বিভাগ বা ইনসিটিউটের অফিসে। বিশ্ববিদ্যালয়ের **ওয়েবসাইট** থেকে অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে। এসব কোর্সে ক্লাস শুরুর সন্তাব্য তারিখ ১০ আগস্ট।

বুয়েটের বিভিন্ন ইনসিটিউট ও বিভাগের অধীন বিভিন্ন বিষয়ে পোষ্টগ্র্যাজুয়েট (মাস্টার ডিগ্রি, এমফিল ও পিএইচডি) প্রোগ্রামের আবেদন ফি ৫০৫ টাকা। অনলাইনে পেমেন্ট করে ১৪ জুলাই পর্যন্ত আবেদন ফরম সংগ্রহ করা যাবে। পূরণ করা আবেদন ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র অনলাইনে জমা দেওয়া যাবে ১৫ জুলাই পর্যন্ত। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা বুয়েটের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো**  
করুন





---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
সত্ৰ © ১৯৯৮-২০২৪ প্রথম আলো